আন্তর্জাতিক অভিবাসন দিবস বিতর্ক প্রতিযোগিতায় জীবননগরের সুমাইয়া ও তার দল বিজয়ী

আন্তর্জাতিক অভিবাসন দিবস উদযাপনে বিতর্ক প্রতিযোগিতায় সুমাইয়া বিনতে হাকিম ও তার দল চ্যাম্পিয়ন হওয়ার গৌরব অর্জন করেছে।

গত বুধবার এটিএন বাংলার ডিবেট ফর ডেমোক্রাসি এর আয়োজনে এটিএন বাংলা স্টুডিওতে বিতর্ক প্রতিযোগিতা অনুষ্ঠিত হয়।

‘শুধু আইনের প্রয়োগ নয় সামাজিক সচেতনতায় পারে নিরাপদ অভিবাসন নিরসন করতে’ প্রতিপাদ্য বিষয় নিয়ে ঢাকার লালমাটিয়া মহিলা কলেজ ও সরকারি বাংলা কলেজের দুটি দল চূড়ান্ত প্রতিযোগীতায় অংশগ্রহণ করে।

লালমাটিয়া মহিলা কলেজের পক্ষ থেকে সুমাইয়া বিনতে হাকিম ও তার দল অংশগ্রহণ করে বিজয় অর্জন করে।

মানুষের জন্য ফাউন্ডেশনের চেয়ারম্যান রিনা দাসের সভাপতিত্বে অনুষ্ঠানে প্রধান অতিথি হিসাবে বিজয়ীদের হাতে পুরস্কার তুলে দেন পরিকল্পনা মন্ত্রী এম এ মান্নান। সুমাইয়া বিনতে হাকিম জীবননগর পৌর এলাকার হাইস্কুলপাড়ার আব্দুল হাকিম এর জ্যেষ্ঠ্য কন্যা।

- জীবননগর প্রতিনিধি

চুয়াডাঙ্গায় দরিদ্র কৃষকের

মেধাবী সন্তানদের বৃত্তি প্রদান অনুষ্ঠিত

চুয়াডাঙ্গায় দরিদ্র কৃষকের মেধাবী সন্তানদের বৃত্তি প্রদান করা হয়েছে।

মঙ্গলবার সকালে সদর উপজেলা কৃষি সম্প্রসারণ অফিসে এ বৃত্তি প্রদান করা হয়।

বেসরকারি প্রতিষ্ঠান ইয়ন এগ্রো ইন্ডাস্ট্রিজ লিমিটেডের আয়োজনে চুয়াডাঙ্গা জেলার ১৩ মেধাবীসহ ঝিনাইদহ অঞ্চলের ২৬ মেধাবীকে বৃত্তি প্রদান করা হয়।

বৃত্তি প্রদান অনুষ্ঠানে সভাপতিত্ব করেন ইয়ন এগ্রো ইন্ডাস্ট্রিজ লিমিটেডের রিজিয়নাল সেলস ম্যানেজার বসিরুল ইসলাম।

প্রধান অতিথি ছিলেন সদর উপজেলা কৃষি কর্মকর্তা তালহা জুবাইর মাসরুর।

বিশেষ অতিথি ছিলেন সদর উপজেলা কৃষি সম্প্রসারণ অফিসার আফরিন বিনতে আজিজ, ইয়নের সিনিয়র টেকনিক্যাল সার্ভিস এক্সিকিউটিভ কৃষিবিদ কল্যাণ মোহন্ত ও ঝিনাইদহ রিজিয়নের টেকনিক্যাল সার্ভিস এক্সিকিউটিভ কৃষিবিদ বেলাল হোসেন। অনুষ্ঠানে মেধাবী শিক্ষার্থীদের হাতে বৃত্তির নগদ টাকা ও শিক্ষা উপকরণ তুলে দেয়া হয়।

– চুয়াডাঙ্গা প্রতিনিধি

নেপালে এসএ গেমসে স্বর্ণপদক

জয়ী ইতি খাতুনকে সংবর্ধনা

অতি সম্প্রতি নেপালে অনুষ্ঠিত এসএ গেমসে স্বর্ণপদকজয়ী ইতি খাতুনকে সংবর্ধনা দিয়েছে জেলা প্রশাসন।

সোমবার বিকেল সাড়ে চারটায় চুয়াডাঙ্গা জেলা প্রশাসকের সম্মেলনকক্ষে এ সংবর্ধনা দেওয়া হয়।

সংবর্ধনা সভায় সভাপতিত্ব করেন জেলা প্রশাসক মো. নজরুল ইসলাম সরকার। প্রধান অতিথি ছিলেন সংবর্ধিত অতিথি ইতি খাতুন।

চুয়াডাঙ্গার মেয়ে ইতি খাতুন এসএ গেমসে আর্চারিতে স্বর্ণপদক জয়লাভ করেন। তিনি একক ও দলগতভাবে মোট তিনটি স্বর্ণপদক পান।

চুয়াডাঙ্গা শহরের বেলগাছি মুসলিম পাড়ায় ইতি খাতুন তার বাবা ও মায়ের সাথে রেলওয়ের জমিতে বসবাস করেন। তাদের নিজেদের কোনো জমি নেই। ইতি খাতুন চুয়াডাঙ্গা ঝিনুক মাধ্যমিক বিদ্যালয়ের অস্টম শ্রেণির ছাত্রী।

সংবর্ধনা অনুষ্ঠানে ইতি খাতুন বক্তৃতা দিতে গিয়ে আবেগাপ্লুত হয়ে পড়েন। ইতি খাতুন জানান, দেশের মুখ উজ্জ্বল করার জন্য আমি আমার প্রচেস্টা অব্যাহত রেখেছি। আমি আমার খেলার মাধ্যমে বাংলাদেশের মুখ উজ্জ্বল করার চেস্টা করবো।

চুয়াডাঙ্গা জেলা প্রশাসক মো. নজরুল ইসলাম সরকার তার বক্তব্যে ইতি খাতুনের বসবাসের জন্য খাস জমি দেওয়ার ঘোষণা দেন।

জেলা প্রশাসন আয়োজিত সংবর্ধনা শেষে জেলা ক্রীড়া সংস্থা, মহিলা ক্রীড়া সংস্থাও ইতি খাতুনকে ক্রেস্ট ও ফুল দিয়ে সংবর্ধনা জানায়।

- চুয়াডাঙ্গা প্রতিনিধি

আলমডাঙ্গায় জিকে খালের শতাধিক অবৈধ স্থাপনা উচ্ছেদ

চুয়াডাঙ্গার আলমডাঙ্গায় জিকে (গঙ্গা-কপোতাক্ষ) খালের পাশে গড়ে ওঠা শতাধিক অবৈধ স্থাপনা উচ্ছেদ করেছে পানি উন্নয়ন বোর্ড ও জেলা প্রশাসন।

সোমবার এ উচ্ছেদ অভিযান চালানো হয়।

এসময় উপস্থিত ছিলেন জেলা প্রশাসক নজরুল ইসলাম সরকার, পানি উন্নয়ন বোর্ডের নির্বাহী প্রকৌশলী জাহেদুল ইসলাম ও এনডিসি সিব্বির আহমেদ।

পানি উন্ন্য়ন বোর্ডের নির্বাহী প্রকৌশলী জাহেদুল ইসলাম জানান, দীর্ঘদিন যাবৎ আলমডাঙ্গা জিকে খালের পাশে অবৈধভাবে গড়ে ওঠে বাড়িঘর।

অনেকে আবার রাস্তার পাশে পাকা ঘর তৈরী করে ব্যবসা প্রতিষ্ঠান নির্মাণ করে।

পানি সম্পদ মন্ত্রণালয়ের নির্দেশক্রমে আলমডাঙ্গার জিকে খালের পাশে অবৈধ স্থাপনা উচ্ছেদ শুরু করা হয়।

এর আগে গত ৩ ডিসেম্বর খালের পাশে গড়ে ওঠা অবৈধ স্থাপনাগুলো সড়িয়ে নিতে পানি উন্নয়ন বোর্ড থেকে নোটিশ দেয়া হয়েছিল।

এই অভিযান সোমবার থেকে শুরু হলেও অবৈধ স্থাপনাগুলো উচ্ছেদ না হওয়া পর্যন্ত তা অব্যাহত থাকবে।

এদিকে অবৈধ স্থাপনার মালিকেরা জানান, বিভিন্ন সময়ে পানি উন্নয়ন বোর্ডের কর্মকর্তাদের মাধ্যমে খালের পাশের জমি লীজ নিয়ে স্থাপনা নির্মান করেছে তারা।

জেলা প্রশাসক নজরুল ইসলাম সরকার জানান, জিকে খালের পাশে ২৮৪ জন অবৈধ দখলদার আছে। নদী খালের পানি প্রবাহকে চলমান রাখতেই নদীর পাশে গড়ে ওঠা এসব অবৈধ স্থাপনা উচ্ছেদ করা হচ্ছে।

– চুয়াডাঙ্গা প্রতিনিধি

[redacted]

‘[redacted]’ [redacted] [redacted] [redacted]

দামুড়হুদা সীমান্তে সাতটি গরু ও ১১টি মহিষ আটক

চুয়াডাঙ্গার দামুড়হুদা উপজেলার পৃথক চারটি সীমান্তে বিজিবির পাঁচটি অভিযানে ভারতীয় সাতটি গরু ও ১১টি মহিষ আটক করা হয়েছে।

রবিবার দিনব্যাপি এসব অভিযান চলে। আটককৃত গরু ও মহিষের মূল্য ২৫ লাখ ৬০ হাজার টাকা বলে জানায় বিজিবি।

চুয়াডাঙ্গা ৬ বিজিবি ব্যাটালিয়নের পরিচালক মোহাম্মদ খালেকুজ্জামান জানান, গোপন সংবাদের ভিত্তিতে রবিবার সকাল ৫টায় দামুড়হুদার ঠাকুরপুর, সাড়ে ৫টায় চাকুলিয়া ও বড়বলদিয়া, সাড়ে ৭টায় চাকুলিয়া এবং বিকাল ৪টায় ওসমানপুর এলাকায় চোরাচালান বিরোধী অভিযান চালানো হয়।

অভিযানে ঠাকুরপুর এলাকা থেকে ৫টি গরু ও ৩টি মহিষ, চাকুলিয়া এলাকা থেকে ১টি গরু ও ৬টি মহিষ, বড়বলদিয়া এলাকা থেকে ২টি মহিষ এবং ওসমানপুর এলাকা থেকে ১টি গরু আটক করা হয়।

- চুয়াডাঙ্গা প্রতিনিধি

চিৎলা ইউনিয়ন আওয়ামী লীগের মতবিনিময় সভা অনুষ্ঠিত

চুয়াডাঙ্গার আলমডাঙ্গা উপজেলার কুলপালায় চিৎলা ইউনিয়ন আওয়ামী লীগের মতবিনিময় সভা অনুষ্ঠিত হয়েছে।

রবিবার বিকালে চিৎলা ইউনিয়ন আওয়ামী লীগের সভাপতি শাহ আব্দুল বাতেনের সভাপতিত্বে মতবিনময় সভা অনুষ্ঠিত হয়। মতবিনিময় সভায় অন্যদের মধ্যে বক্তব্য দেন চিৎলা ইউনিয়ন আওয়ামী লীগের সাধারণ সম্পাদক মোজাম্মেল হক।

অন্যদের মধ্যে উপস্থিত ছিলেন ইউনিয়ন আওয়ামী লীগের সিনিয়র সহ-সভাপতি ও বীরমুক্তিযোদ্ধা নুরুজ্জামান লাল্টু, সহ-সভাপতি তোহিদ মেম্বার, সাংগঠনিক সম্পাদক খাইরুল বাশার, আওয়ামীলীগ নেতা শমশের, বেল্টু, নজরুল, মালেক, ঝন্টু, হারেজ মিয়া, ভুট্টা মিয়া, মহাসিন, আবুসিদ্দিক, মজিবর, আশুতোষ, আতাউর রহমান,প্রমুখ।

মতবিনিময় সভায় কিভাবে আওয়ামী লীগের ভিতকে শক্তিশালী করা যায় সে ব্যাপারে কিছু দিক নির্দেশনা মূলক আলোচনা হয় এবং আওয়ামী লীগের ২১ তম জাতীয় সম্মেলনে নবনির্বাচিত সভাপতি মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা ও সেক্রেটারি ওবায়দুল কাদের কে চিৎলা ইউনিয়ন আওয়ামী লীগের পক্ষ থেকে শুভেচ্ছা ও অভিনন্দন জানানো হয়।
- চিৎলা প্রতিনিধি

চুয়াডাঙ্গায় শীতে মানুষের দূর্ভোগ

চুয়াডাঙ্গায় তীব্র শীত অব্যাহত রয়েছে। শনিবার চুয়াডাঙ্গার সর্বনিম্ন তাপমাত্রা রেকর্ড করা হয়েছে ১০ দশমিক ৪ ডিগ্রি সেলসিয়াস। শনিবার সকাল থেকে চারদিক ঢাকা ছিল ঘন কুয়াশায়। সারাদিন সূর্যের মুখ দেখা যায় নি। কুয়াশার সাথে বাতাস থাকায় শীত অনুভুত হয়েছে বেশি। তীব্র শীতের কারণে শ্রমিক শ্রেণির মানুষদের পোহাতে হচ্ছে দুর্ভোগ। হাসপাতালেও শীতজনিত রোগির চাপ বেড়েছে।

চুয়াডাঙ্গার প্রথম শ্রেণির আবহাওয়া পর্যবেক্ষণাগারের ভারপ্রাপ্ত কর্মকর্তা সামাদুল হক জানান, শনিবার সকাল ৬টায় সর্বনিম্ন তাপমাত্রা ছিল ১০ দশমিক ৪ ডিগ্রি সেলসিয়াস। সকাল ৯টায়ও ছিল একই তাপমাত্রা। বাতাসের কারণে শীত বেশি অনুভুত হয়েছে।



কৃষকরা বলছেন, তীব্র শীতের কারণে কৃষি ফসলের ক্ষতির আশংকা আছে। বিশেষ করে বীজতলা ও পানবরজে ক্ষতি হওয়ার ভয় আছে। চুয়াডাঙ্গা তালতলা গ্রামের পানচাষী রকিব হোসেন বলেন, তীব্র শীত অব্যাহত থাকলে পান পাতা ঝরে পরার ভয় থাকে। তা যদি হয় তাহলে পানচাষীদের বড়

ধরণের ক্ষতি হবে।

চুয়াডাঙ্গা সদর হাসপাতালের আবাসিক মেডিকেল অফিসার ডা. শামীম কবির জানান, শীতজনিত রোগে আক্রান্ত রোগিরা হাসপাতালে আসছেন। শিশু ও বয়স্করা বেশি আক্রান্ত হচ্ছেন। শীতজনিত ডায়রিয়ার প্রকোপও দেখা দিয়েছে।

- চুয়াডাঙ্গা প্রতিনিধি

চুয়াডাঙ্গায় সড়ক দূর্ঘটনায় ভারতীয় নাগরিক নিহত

চুয়াডাঙ্গার দামুড়হুদা উপজেলার দর্শনায় সড়ক দূর্ঘটনায় ভারতীয় নাগরিক তফন বিশ্বাস (৪২) নিহত হয়েছেন।

শুক্রবার রাত ১০টার দিকে দামুড়হুদা উপজেলার দর্শনা বাসস্ট্যান্ডে একটি আখবোঝায় পাউয়ার ট্রলারের ধাক্কায় তিনি নিহত হন। তিনি ভারতের ২৪ পরগনা জেলার জুববাড়িয়া গ্রামের ওমর বিশ্বাসের ছেলে।

দামুড়হুদা থানার অফিসার ইনচার্জ (ওসি) সুকুমার বিশ্বাস জানান, রাত ১০টার দিকে ভারতীয় নাগরিক তফন বিশ্বাস দর্শনা বাসস্ট্যান্ডে দাঁড়িয়ে ছিলেন। তিনি পাসপোর্টধারী ভারতীয় নাগরিক হিসেবে বৈধপথে সীমান্ত অতিক্রম করে চুয়াডাঙ্গায় এসেছিলেন। দূর্ঘটনায় আহত হওয়ার পর তাকে চুয়াডাঙ্গা সদর হাসাপাতালে নিয়ে ভর্তি করা হয়। সেখানে চিকিৎসাধীন অবস্থায় তিনি মারা যান। তার লাশ নিয়মতান্ত্রিক পদ্ধতিতে ভারতে পুলিশের হাতে হস্তান্তর করা হবে।

চুয়াডাঙ্গা সদর হাসপাতালের আবাসিক মেডিকেল অফিসার ডা. শামীম কবির জানান, রাতে তাকে চুয়াডাঙ্গা সদর হাসপাতালে এনে ভর্তি করা হয়। চিকিৎসাধীন অবস্থায় তিনি মারা যান। চুয়াডাঙ্গা সদর হাসপাতাল মর্গে ময়না তদন্ত করা হবে।

- চুয়াডাঙ্গা প্রতিনিধি

[redacted]

[redacted]

কুমারী গ্রামের ছবিরন জানায়, আগে বাড়ি-বাড়ি বড়ি তৈরির উৎসব হতো। কিন্তু এই যুগে নারীদের মধ্যে সেই উৎসাহ বা আগ্রহ দেখি না। আবার চাল কুমড়া প্রাপ্তিও দুঃসাধ্য। সব মিলিয়ে বড়ি দেওয়ার রেওয়াজ কমে যাচ্ছে। তারপরও গ্রামের বেশ কিছু বাড়িতে এ বছর বড়ি তৈরি করতে দেখা গেছে।

- আলমডাঙ্গা প্রতিনিধি